# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## [ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক ]

#### প্রজ্ঞাপন

# তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৩৮-আইন/২০২৪/২৪৪-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৭৩-আইন/২০১৯/৩০-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

## উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

- (ক) অনুচ্ছেদ ১ এ উল্লিখিত "কম্প্রেসর এবং এয়ারকন্তিশনার, অতঃপর পণ্য বিলিয়া উল্লিখিত, উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উহার প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে)" শব্দগুলি, কমাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "কম্প্রেসর এর স্থানীয় উৎপাদন পর্যায়ে আরোপনীয় সমূদয় মূল্য সংযোজন কর এবং এয়ারকন্তিশনার, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং কম্প্রেসর ও এয়ারকন্তিশনার, উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম করসহ) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে)" শব্দগুলি, সংখ্যা, কমাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে, (আবু হেনা মোঃ রহমাতুল মুনিম) সিনিয়র সচিব